

সমঝোতা স্মারক  
(Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ও

মডার্ন হারবাল গ্রুপ

নভেম্বর, ২০২০ খ্রিঃ



খক ৪৬০০১৩৪

যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ন হারবাল গ্রুপ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক  
(Memorandum of Understanding)

বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল শ্রোতথারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রাতিষ্ঠানিক ও ৪৯৮টি উপজেলায় (১০টি মেট্রোপলিটন ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চয়নমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর শুরু থেকে এ পর্যন্ত মোট ৬১,৮৯,৩৩৭ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে ২২,৩৮,৭০৫ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। তাদের মধ্যে ৯,৬২,৯৩৫ জন যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সুবিধা গ্রহণ করে সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

অন্যদিকে, মডার্ন হারবাল গ্রুপ একটি অরাজনৈতিক ও সেবামূলক বেসরকারি প্রতিষ্ঠান, যার ঠিকানা-২, শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরণী, মগবাজার, ঢাকা-১২১৭। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল শ্রোতথারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে মডার্ন হারবাল গ্রুপ দেশের প্রত্যন্ত অঞ্চলে বেকার যুবদের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। এ লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ন হারবাল গ্রুপ এর মধ্যে যৌথ উদ্যোগে বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ১১-০৬-২০১৮ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় এবং সফলতার সাথে তা বাস্তবায়ন করা হয়। ফলে স্থানীয় যুবসম্প্রদায় দক্ষতামূলক প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে নিজেদের বিভিন্ন আয় বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করে সার্বিকভাবে উপকৃত হচ্ছে।

যেহেতু যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচির সাথে মডার্ন হারবাল গ্রুপ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচির সামঞ্জস্য রয়েছে এবং মডার্ন হারবাল গ্রুপ যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে পার্টনারশীপ ভিত্তিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় আগ্রহী, সেহেতু যুবসমাজের বৃহত্তর কল্যাণের স্বার্থে যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ন হারবাল গ্রুপ এর যৌথ উদ্যোগে এই কার্যক্রম আরও সম্প্রসারণ, কার্যকরী ও গতিশীল করার লক্ষ্যে পুনরায় একটি সমঝোতা স্মারক স্বাক্ষরে সম্মত হয়।

সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলীঃ

- ০১। বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে দক্ষতামূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ০২। প্রশিক্ষণান্তে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে প্রশিক্ষিত যুবদের উদ্বুদ্ধ ও সহায়তা করা।
- ০৩। যুবদের স্বাবলম্বী হতে সহায়তা করা।

যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয়ঃ

- ০১। যুব উন্নয়ন অধিদপ্তর উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও উপযুক্ত প্রশিক্ষণার্থী বাছাইকরণে মডার্ন হারবাল গ্রুপকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।
- ০২। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।